

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বামী ছয় মাস স্ত্রীর সাথে দৈহিক সম্পর্ক না রাখলে আপনা আপনি তালাক হয়ে যায় কি?

শরীয়তে আপনা আপনি তালাক বলে কোন কথা নেই। তালাক দিতে হয়, না হয় নিতে হয়। উভয় পক্ষ সম্মত থাকলে ছয় মাস কেন, ছয় বছরও দূরে থাকতে পারে। অবশ্য স্বামী নিখোঁজ হয়ে গেলে, সে কথা ভিন্ন। নিখোঁজ হওয়ার দিন থেকে পূর্ণ চার বছর অপেক্ষা করার পর আর চার মাস দশদিন স্বামী মৃত্যুতে ইদ্দত পালন করে স্ত্রী দ্বিতীয় স্বামী গ্রহণ করতে পারে। 'লিআন' হওয়ার পর স্বামী স্ত্রীর মাঝে আপনা আপনি বিবাহ বিচ্ছেদ ঘটে তদনুরূপ বিবাহ অবৈধ প্রমাণিত হলে, স্বামী স্ত্রীর একজন মুরতাদ হয়ে গেলে সাথে সাথে বিবাহ বিচ্ছেদ ঘটে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=478

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন